মেহেরপুরে চুরি ও তিনটি মাদক মামলার আসামি রুবেল হেরোইনসহ গ্রেফতার

চুরি ও তিনটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৪ টি মামলার এজাহার নামীয় পলাতক আসামী রুবেল হোসেনকে ৩ গ্রাম হেরোইনসহ গ্রেফতার করেছেন মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মেহেরপুর সদর থানার এসআই শুভ কুমার, এএসআই শাকিল খান, এএসআই শাহাজামাল ও সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। গতকাল বুধবার সন্ধ্যায় রুবেল হোসেনের কলেজ মোড়ের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ। রুবেল হোসেন মেহেরপুর শহরের কলেজ মোড় এলাকার নাজির হোসেনের ছেলে।

তার নামে মেহেরপুর সদর থানায় ৩৬(১) স্বারণীর ৮(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, মামলা নং ১৫/৩২০, তারিখ ১৯/১১/২০২০, ৩৭৯ পেনাল কোর্ড ১৮৬০, যার মামলা নং ৩১, তারিখ ৩০/১২/২০১৩, ধারা ২৫ এ(বি) ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের মামলা নং ২৬, তারিখ ২৪/১১/২০১২ ও ধারায় ৩৮০/৪৫৭ পেনালকোর্ড ১৮৬০ এর মামলা নং ২৫, তারিখ ২৩ নভেম্বর ২০১২ এর এজাহার নামীয় পলাতক আসামী।

এএসআই শাকিল খান বলেন, শীর্ষ মাদক ব্যবসায়ী রুবেল হেরোইন বিক্রি করছে এমন সংবাদে তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্তণ আইনে আরো একটি মামলা দিয়ে গ্রেফতারকৃত রুবেলকে বুধবার সন্ধ্যায় আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মহেশপুরে গোসল করতে নেমে দুই বন্ধুর মৃত্যু

পানিতে ডুবে ঝিনাইদহের মহেশপুরে জিম (১৪) ও সাব্বির (১০) নামে দুই শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার বিকালে মহেশপুর দমকল বাহিনীর সদস্যরা স্থানীয় কপোতাক্ষ নদ থেকে দুই শিশুর মৃতদেহ উদ্ধার করে।

শিশু জিম মহেশপুর শহরের হাসপাতাল পাড়ার ফারুক হোসেনের ছেলে। অন্যদিকে সাব্বির হোসেন একই পাড়ার রহমত আলীর ছেলে।

মহেশপুর দমকল বাহিনীর স্টেশন অফিসার আব্দুস সোবাহান হাওলাদার জানান, শুক্রবার দুপুরে জিম ও সাব্বির মহেশপুরের কপোতাক্ষ নদে গোসল করতে নামে। গোসলে নেমে তারা ছোট্র একটি ডিঙ্গি নৌকায় চড়তে যায়। নৌকাটি উল্টে তাদের গায়ের উপর পড়ে।

তিনি আরো জানান, এ সময় সঙ্গে থাকা আরেক শিশু বাড়িতে এসে জানালে আত্মীয় স্বজনরা কপোতাক্ষ নদে খোঁজ করতে থাকে। খবর পেয়ে বিকাল ৩টার দিকে মহেশপুর দমকল বাহিনীর সদস্যরা নদের পাড়ে শিশুদের সেন্ডেল দেখে উদ্ধার অভিযান শুরু করে। বিকাল সাড়ে ৪টার দিকে জিম ও সাব্বিরের মৃতদেহ একটি ডিঙ্গি নৌকার নিচে চাপা পড়া অবস্থায় উদ্ধার করে।

এদিকে মহেশপুর হাসপাতাল পাড়ার দুই শিশুর এক সঙ্গে মৃত্যুর ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে। জিম ও সাব্বিরের স্বজনরা শোকে বাকরুদ্ধ হয়ে পড়েছে। তাদের সহপাঠীরাও ডুকরে ডুকরে কাঁদছে।

মহেশপুর থানার ওসি সেলিম মিয়া জানান, পানিতে ডুবে দুই শিশুর মৃত্যুর খবর পেয়েছি। কিভাবে শিশু দুইটির সলিল সমাধি ঘটলো তা তদন্ত করে দেখা হচ্ছে।

দর্শনা সীমান্তে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার ফুলবাড়ী সীমান্ত এলাকা থেকে ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হলেও কাউকে আটক করতে পারেনি ৬ বিজিবি।

করোনা মহামারি ও ইউক্রেন-রাশিয়া যুদ্ধের কারণে আমদানি ব্যয় বৃদ্ধি ও প্রবাসী আয় বা রেমিট্যান্স কমে যায়। এতে দেশে ডলারের তীব্র সংকট দেখা দিয়েছে। রপ্তানি আয় বাড়লেও ডলারের সংকট মিটছে না। ফলে প্রতিনিয়ত বেড়েছে ডলারের দাম। এ জন্য রিজার্ভ থেকে ডলার ছেড়ে বাজার নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করছে কেন্দ্রীয় ব্যাংক। এরপরও কিছুতেই বাগে আসছে না ডলারের তেজিভাব।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি সদর দপ্তরে বুধবার বিকেলে প্রেস ব্রিফিংয়ে লেফটেন্যান্ট কর্নেল শাহ মোহাম্মদ ইশতিয়াক জানান, ফুলবাড়ী সীমান্ত এলাকা দিয়ে মালামাল পাচার করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় বিজিবি।

পাচারের সময় সীমান্ত পিলার ৮৫ হতে ৩০০ গজ বাংলাদেশের ভেতরে অজ্ঞাত পরিচয় এক ব্যক্তিকে একটি ব্যাগ বহন করে নিয়ে যেতে দেখে তাকে টহল দল চ্যালেঞ্জ করে। এ সময় সে ব্যাগটি দূরে ছুড়ে ফেলে দৌড়ে পালিয়ে যায়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির পরিচালক জানান, ব্যাগটি জব্দ করে কাগজে মোড়ানো ৮টি প্যাকেট উদ্ধার করা হয়। প্রতিটি প্যাকেট থেকে ১০০ ইউএস ডলারের ১০০টি নোট পাওয়া যায়। এই হিসাবে মোট ৮০ হাজার ইউএস ডলার উদ্ধার করা হয়। তিনি আরও জানান, ইউএস ডলারগুলো ভারতে পাচার করা হচ্ছিল।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির জানান ৮০ হাজার ইউ এস উদ্ধারের ঘটনায় কোন চোরাচালানীকে আটক করতে পারেনী,তবে মালামাল ট্রেজারি অফিসে জমার প্রক্রিয়া চলছে। এ ঘটনায় দর্শনা থানায় মামলা হয়েছে।

কুষ্টিয়ায় অজ্ঞাত বৃদ্ধ এবং যুবকের মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার কুমারখালীতে অজ্ঞাত এক বৃদ্ধের মরদেহ এবং নিখোঁজের দুইদিন পর ভেড়ামারা থেকে রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার লোকমান হোসেনের বস্তাবন্দী লাশ উদ্ধার করেছে পুলিশ।

বুধবার সকালে কুমারখালি উপজেলার নন্দলালপুর ইউনিয়নের আলাউদ্দিন নগর বাজার এলাকা এবং ভেড়ামারা হাইস্কুলের গলি থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাতে কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের কুমারখালীর আলাউদ্দিন নগর বাজারের মোক্তার হোসেনের মার্কেট এলাকায় আসেন বৃদ্ধ।
বাজারের নৈশপ্রহরীরা রাতে তাঁকে মার্কেট এলাকায় বসে থাকতে দেখেন। পরে আজ ভোরে মারা যান তিনি। খবর পেয়ে পুলিশ মরদেহটি উদ্ধার করে। মৃত ওই বৃদ্ধের আনুমানিক বয়স ৬৫ বছর। তাঁর পরনে ছিল কালো রঙের প্যান্ট।

সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য মরদেহটি কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এ বিষয়ে নৈশপ্রহরী ইমরান হোসেন বলেন, ‘গতকাল রাতে মোক্তার হোসেন মার্কেটের সামনে আসেন ওই বৃদ্ধ। তাঁর কাছে ঠিকানা জানতে চেয়েছিলাম। কিন্তু তিনি কোনো নাম-ঠিকানা বলতে পারেননি। পরে তাঁকে একটি বোতল থেকে পানি খেতে দেখি। এরপর আজ ভোরে মারা যান ওই বৃদ্ধ।’

কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, খবর পেয়ে মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর আসল কারণ জানা যাবে। তবে, ধারণা করা হচ্ছে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন।

এদিকে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মুজিবুর রহমান জানান, নিখোঁজের দুইদিন পর কুষ্টিয়ার ভেড়ামারা থেকে রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার লোকমান হোসেনের বস্তাবন্দী লাশ উদ্ধার করা হয়েছে। লোকমান হোসেন চৌড়হাস এলাকার বাসিন্দা। তিনি রক্সি পেইন্টের এরিয়া ম্যানেজার ছিলেন। ১ আগষ্ট ভেড়ামারা থেকে নিখোঁজ হলে ভেড়ামারা থানায় জিডি করেন তার স্ত্রী। এরপর আজ বুধবার তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

গাংনীতে যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার অলিনগর গ্রাম থেকে নাহিদ (২৩) নামের এক যুবকের ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার (১ আগষ্ট) সকালে বাড়ির নিজ শয়ন কক্ষ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত নাহিদ উপজেলার অলিনগর গ্রামের জিয়ারুল ইসলামের ছেলে।

গাংনী থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি আরো জানান, ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস দিয়ে এক যুবক আত্নহত্যা করেছে এমন সংবাদ পেয়ে উপজেলার অলিনগর গ্রামের বাড়ির নিজ শয়ন কক্ষ থেকে এক যুবকের মরদেহ উদ্ধার করা হয়েছে। নিহতের মরদেহের সুরতহাল রিপোর্ট তৈরি করে ময়নাতদন্তের জন্য ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। তবে কি কারনে তার মৃত্যু হয়েছে তা জানা যায়নি। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হবে।